



বাংলাদেশ দূতাবাস  
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

নং ১৩৫

বাংলাদেশ দূতাবাস, ব্যাংককে ‘ডিজিটাল বাংলাদেশ দিবস’ ২০২২ উদযাপিত

ব্যাংকক, ১২ ডিসেম্বর ২০২২

বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক আজ বিকেলে দূতাবাসের সভাকক্ষে যথাযোগ্য মর্যাদায় ‘ডিজিটাল বাংলাদেশ দিবস’ ২০২২ উদযাপন করে। দিবসটির উপজীব্য “প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক উন্নতি” কে কেন্দ্র করে আলোচনা ও প্রামাণ্যচিত্র প্রদর্শনের মাধ্যমে দিবসটি উদযাপিত হয়। অনুষ্ঠানে দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।

আলোচনা পর্বে দূতাবাসের মিনিস্টার(কন্স্যুলার) জনাব হাসনাত আহমেদ, কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব মোঃ মাসুমুর রহমান এবং কাউন্সেলর (রাজনৈতিক) জনাব নির্ঝর অধিকারী অংশগ্রহণ করেন। বক্তারা বাংলাদেশের জনগণের অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের জন্য প্রযুক্তিগত উন্নয়নের প্রয়োজনীয়তা ও ডিজিটাল বাংলাদেশ প্রত্যয়ের বাস্তবায়নে বর্তমান সরকারের গৃহীত সফল পদক্ষেপের কথা উল্লেখ করেন। বাংলাদেশের অভ্যুদয়ের অব্যবহিত পর বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাহসী পদক্ষেপসমূহ উল্লেখ করে ডিজিটাল বাংলাদেশ প্রত্যয়কে বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নীতিগত ধারাবাহিকতা ও দূরদর্শী নেতৃত্বের প্রকাশ হিসেবে উল্লেখ করেন। তাঁরা আরও বলেন, সরকার ডিজিটাল বাংলাদেশ গঠনের মাধ্যমে সরকারি সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে সক্ষম হয়েছে। ডিজিটাল বাংলাদেশ জনগণের জীবনমানের উন্নয়ন ঘটিয়েছে। কোভিড অতিমারি মোকাবিলায় এবং ভ্যাক্সিন প্রদানে ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার সারা বিশ্বে প্রশংসিত হয়েছে।

মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই তাঁর বক্তব্যের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, বর্তমান ডিজিটাল বাংলাদেশ বর্তমান সরকারের দূরদর্শিতার অন্যতম নিদর্শন। প্রযুক্তিগত উন্নয়ন ব্যতীত জনগণের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। তাই বর্তমান সরকার ২০০৯ সালে দায়িত্ব গ্রহণের পর ডিজিটাল বাংলাদেশ গঠনের যে লক্ষ্য নির্ধারণ করেছিল, বর্তমান ডিজিটাল বাংলাদেশ তারই প্রতিফলন। মান্যবর রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে সাইবার সিকিউরিটি তথা ডিজিটাল নিরাপত্তার চ্যালেঞ্জ মোকাবিলাকে গুরুত্ব সহকারে তুলে ধরেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দূতাবাসের কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব মোঃ মাসুমুর রহমান।

